

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২১, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

নং ১৮.০১৬.০১৪.০০.০০৪.২০১০-২১৭, তারিখ, ৫ বৈশাখ ১৪১৮/১৮ এপ্রিল ২০১১

বিষয় : দেশের অভ্যন্তরে এক বন্দর থেকে অন্য বন্দরে কন্টেইনার পরিবহনের জন্য কন্টেইনার ভেসেলের প্রাপ্যতা নিশ্চিতকরণকল্পে সরকারি বেসরকারি উদ্যোক্তাদের এই ট্রেডে অংশ-গ্রহণের নীতিমালা।

১। প্রেক্ষাপট : দেশে নৌ-পথে কন্টেইনার পরিবহনের তেমন সুযোগ-সুবিধা বর্তমানে বিদ্যমান নেই। চট্টগ্রাম ও মংলা বন্দরের মাধ্যমে আমদানি রপ্তানিকৃত কন্টেইনার সড়ক ও রেলপথে দেশাভ্যন্তরে পরিবাহিত হয়। নৌ-পথে কন্টেইনার পরিবহন করার জন্য এ ট্রেডে কন্টেইনার ভেসেল প্রাপ্যতা নিশ্চিতকল্পে এই নীতিমালা প্রণীত হলো।

২। কন্টেইনার বহরের উন্নয়ন :

- (ক) নৌ-পরিবহন মন্ত্রণালয় দেশে কন্টেইনার পরিবহনের জন্য ভেসেলের মোট চাহিদার একটি অংশ বেসরকারি উদ্যোক্তাগণের জন্য এবং একটি অংশ বিআইডব্লিউটিসি'র জন্য সংরক্ষণ করবে।
- (খ) সরকারি সংস্থা বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব তহবিল অথবা সরকারি বরাদ্দের মাধ্যমে সংরক্ষণ কর্তৃক নির্ধারিত সংখ্যক কন্টেইনার ভেসেল সংগ্রহ করতে পারবে।
- (গ) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পূর্বানুমোদন ব্যতীত কন্টেইনার ভেসেল তৈরী/আমদানি করা যাবে না।

৩। কন্টেইনার ভেসেলের সংখ্যা নির্ধারণ : দেশে পানগাঁওসহ অনেকগুলো সরকারি/বেসরকারি কন্টেইনার টার্মিনাল নির্মাণাধীন আছে। অবিলম্বে এ সকল কন্টেইনার টার্মিনালে অপারেশনাল কার্যক্রম শুরু হবে। এ বিষয়টি বিবেচনায় রেখে নৌ-পরিবহন মন্ত্রণালয় নিজস্ব বিবেচনায় কন্টেইনার ভেসেলের সংখ্যা নির্ধারণ করবে।

( ৩৬৯১ )

মূল্য : ২.০০

## ৪। বেসরকারি উদ্যোক্তা নির্বাচন পদ্ধতি :

- (ক) নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞাপন আহ্বানের প্রেক্ষিতে এ খাতে বিনিয়োগে আগ্রহী বেসরকারি ব্যক্তি/প্রতিষ্ঠান নৌ-পরিবহন মন্ত্রণালয়ে আবেদনপত্র দাখিল করবেন।
- (খ) বিনিয়োগকারীকে যথাসময়ে বিনিয়োগের গ্যারান্টি হিসেবে নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত Performance গ্যারান্টি প্রদান করতে হবে।
- (গ) নির্দিষ্ট সময়ে বিনিয়োগে ব্যর্থ হলে Performance গ্যারান্টি বাজেয়াপ্তপূর্বক সরকারি কোষাগারে জমা করা হবে।
- (ঘ) আবেদনের সাথে নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পরিমাণ টাকার অকেরতযোগ্য পে-অর্ডার সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় এর অনুকূলে জমা দিতে হবে।
- (ঙ) কন্টেইনার ভেসেলের অনুমতিপত্র হস্তান্তরযোগ্য হবে না।

## ৫। কন্টেইনারবাহী জাহাজের মান নিয়ন্ত্রণ ও নিবন্ধন :

- (ক) প্রস্তাবিত কন্টেইনার ভেসেল International Association of Classification Society (IACS) এর সদস্য Classification Society এর অধীনে নির্মিত হতে হবে।
- (খ) কন্টেইনার ভেসেলসমূহ নৌ-বাণিজ্য অধিদপ্তর কর্তৃক MSO এর অধীনে কন্টেইনার পরিবাহী জাহাজ হিসেবে নিবন্ধিত হতে হবে।
- (গ) কন্টেইনার ভেসেলসমূহ MSO এর বিধান অনুসারে Classification Society কর্তৃক বার্ষিক Load Line সার্ভে সম্পন্ন করে Load Line সনদ গ্রহণ/নবায়ন করবে। উক্ত সনদ পাবার পর নৌ-বাণিজ্য অধিদপ্তর MSO এর বিধান অনুসরণে সার্ভে সনদ প্রদান করবে এবং চলাচলের অনুমতি প্রদান করবে।

## ৬। বেসরকারি খাতে বিনিয়োগকারী নির্বাচনের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা ও শর্তাবলী :

নিয়োক্ত ক্রাইটেরিয়াসমূহ বিবেচনা করে কন্টেইনার ভেসেল অনুমোদনকারী কমিটি বেসরকারি বিনিয়োগকারী নির্বাচন করবে :

- (ক) বিনিয়োগকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের টিআইএন সনদপত্র এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- (খ) বিনিয়োগকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নৌ-পরিবহন ব্যবসায় অভিজ্ঞতার সনদপত্র থাকতে হবে।
- (গ) বিনিয়োগকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কোন ব্যাংক কর্তৃক এ ব্যবসায় বিনিয়োগের জন্য সচ্ছল বলে ঘোষিত হতে হবে।
- (ঘ) যৌথ মূলধনী কোম্পানীর ক্ষেত্রে Memorandum of Association ও Article of Association এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৭। কন্টেইনার ভেসেল অনুমোদন কমিটি :

৭.১। বেসরকারি কন্টেইনার ভেসেল অনুমোদনের জন্য নৌ-পরিবহন মন্ত্রণালয়ে নিম্নরূপ একটি কমিটি থাকবে :

- |  |              |
|--|--------------|
| (১) মাননীয় মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় | - সভাপতি     |
| (২) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়            | - সদস্য      |
| (৩) চেয়ারম্যান, বিআইউরিউটিএ               | - সদস্য      |
| (৪) চেয়ারম্যান, বিআইউরিউটিসি              | - সদস্য      |
| (৫) চেয়ারম্যান, সকল সমুদ্র বন্দর          | - সদস্য      |
| (৬) মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর     | - সদস্য-সচিব |

৭.২। কমিটির কার্যপরিধি (TO) :

- কমিটি নৌ-পরিবহন মন্ত্রণালয়ে দাখিলকৃত আবেদনপত্র যাচাই-বাছাই করে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক বিনিয়োগকারী নির্বাচনপূর্বক অনুমোদন প্রদান করবে।
- কন্টেইনার ভেসেলের সংখ্যা নির্ধারণ করবে।
- ভেসেলের ধারণ ক্ষমতা নির্ধারণ করবে।
- ভাড়ার হার নির্ধারণ এবং পুনঃনির্ধারণ করবে।
- প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৮। এ নীতিমালা জারির তারিখ থেকে কার্যকর হবে। গত ২৭ এপ্রিল, ২০১০ তারিখে জারিকৃত "পানগাঁও কন্টেইনার টার্মিনাল নির্মাণ শেষে প্রয়োজনীয় সংখ্যক কন্টেইনার ভেসেলে প্রাপ্যতা নিশ্চিতকরণকল্পে সরকারি-বেসরকারি উদ্যোক্তাদের এই ট্রেডে অংশগ্রহণের নীতিমালাটি" এতদ্বারা প্রতিস্থাপিত করা হলো। তবে উক্ত নীতিমালার আওতায় বর্তমান নীতিমালা কার্যকর হবার পূর্ব পর্যন্ত গৃহীত কার্যক্রম বৈধ বলে গণ্য হবে।

মোঃ আব্দুল কুদ্দুছ  
যুগ্ম-সচিব (বাণিজ্যিক)।